APR. 07 2002

দৈনিক সংবাদ

তারিখ ... পৃষ্ঠা ৭ ... কলাম ... ৩ ...

### মধুখালী আইনুদ্দিন সরকারি কলেজ

# অনুষ্ঠিত পরীক্ষার ৮৬টি উত্তরপত্র উদ্ধার ॥ গ্রেফতার ২ জন

ফরিদপুর থেকে জেলা বার্তা পরিবেশক ঃ ফরিদপুরের আইনুদ্দিন সরকারি কলেজে অনুষ্ঠিত জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি পরীক্ষার ইংরেজি বিষয়ের ৮৬টি উত্তরপত্র পুলিশ উদ্ধার করেছে। মধুখালী উপজেলার গোয়ালদিয়া গ্রামের সামাদ মোল্লার বাড়ি থেকে এগুলো উদ্ধার করা হয়। এ ব্যাপারে সামাদ মোল্লার মেয়ে আইনুদ্দিন কলেজ থেকে পরীক্ষার্থী তসলিমা (২০) ও একই গ্রামের মো. আ. হাশেম মোল্লার পুত্র শিক্ষক মো. শাহজাহানকে (৩০) পুলিশ গ্রেফতার করেছে।

গত ২রা এপ্রিল গভীর রাতে এক অভিযান চালিয়ে ৮৬টি ইংরেজি উত্তরপত্রসহ ওই দু'জনকে হাতেনাতে পুলিশ গ্রেফতার করে। ফোর্সের সঙ্গে ডিবি এসআই মো. মোজাফফর হোসেন ছিলেন।

অনুমান করা হচ্ছে, একটি সংঘবদ্ধ চক্র সংবাদ নিয়ে রাজশাহী থেকে মধুখালী আইনুদ্দিন কলেজের ইংরেজি উত্তরপত্রের খাতাগুলো মধুখালী নিয়ে এসে ডিগ্রি পরীক্ষার্থীদের হাতের লেখা মেলায়। এভাবে ওই কেন্দ্রের সব পরীক্ষার্থীর খাতা মেলানো হয়। পরে পরীক্ষার্থীরা বই দেখে স্ব-স্ব খাতায় (উত্তরপত্রে) সঠিক উত্তর লিখে দেয়। এজন্য অবশ্য প্রতি পরীক্ষার্থীকে মোটা অঙ্কের টাকা দিতে হয়।

এ ব্যাপারে মধুখালী থানায় মামলা হয়েছে। ডিবি পুলিশ ঘটনাটি তদন্ত করছে।